

নথি নং-৫কাস (১১১) লাইসেন্স/বিবিধ/আইসিডি/২০১৬/

তারিখঃ /০৯/২০২১

বিজ্ঞপ্তি

কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা-২০২০ এর বিধি-১৫ এর বিধান মোতাবেক কাস্টম হাউস আইসিডি, কমলাপুর ঢাকা'র আওতাধীন যে সকল কাস্টমস এজেন্টস লাইসেন্স এর মেয়াদ আগামী ৩১/১২/২০২১ খ্রি: তারিখে উত্তীর্ণ হবে তা পরবর্তী ০৫ (পাঁচ) বছর (২০২২-২০২৬) মেয়াদে নবায়নের লক্ষ্যে আগামী ২৭/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টম হাউস আইসিডি, কমলাপুর ঢাকা বরানবর আবেদনপত্র দাখিল করার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সিকে অনুরোধ করা হলো।

০২। নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদন পত্র না পাওয়া গেলে বা অসম্পূর্ণ আবেদন পত্র কিংবা যথাযথ দলিলাদি/কাগজপত্র ব্যতীত আবেদন দাখিলের কারণে লাইসেন্স নবায়ন সম্ভব হবেনা। এ ক্ষেত্রে আগামী ৩১/১২/২০২১ খ্রি: তারিখ হতে On Line System এ মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স এর AIN No সমূহ স্বয়ংক্রিয়ভাবে Lock হয়ে যাবে। বর্ণিতাবস্থায়, জটিলতা এড়াণের লক্ষ্যে যথাসময়ে লাইসেন্স নবায়ন কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া, যে সকল কাস্টমস সরকার পারমিট ৩১/১২/২০২১ খ্রি: মেয়াদ উত্তীর্ণ হবে, তা তাদের পরবর্তী মেয়াদে নবায়নের লক্ষ্যে ২৭/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হলো। উল্লেখ্য যে, প্রয়োজনীয় দলিলাদি ব্যতীত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ লাইসেন্সিং বিধিমালা ২০২০ অনুযায়ী নিষ্পত্তি করা হবেন।

লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নিম্নলিখিত দলিলাদি/কাগজপত্র দাখিল করতে হবেঃ

- ক) ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি সম্বলিত লেটার হেড প্যাডে লাইসেন্স নবায়নের আবেদন, যা (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মূল মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে;
- খ) মূল লাইসেন্স এর কপি;
- গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;
- ঘ) হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি;
- ঙ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র (লাইসেন্সে উল্লিখিত ঠিকানা অনুযায়ী) এবং উত্তরপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মুসক চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- চ) লাইসেন্স নবায়নের ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার (ট্রেজারী চালান টি আর -৬ এর মাধ্যমে, যার কোড নং ১-১১৩১-০০২০১৮৫৪) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- ছ) লাইসেন্স নবায়নের ফি এর উপর ১৫% ভ্যাট এর টাকা (ট্রেজারী চালান টি আর -৬ এর মাধ্যমে, যার কোড নং ১-১১৩১-০০২০০৩১১) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- জ) সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত হালনাগাদ মেম্বারশীপ সনদ;
- ঝ) বিগত মেয়াদের (২০১৭-২০২১ পর্যন্ত) কার্য সম্পাদনের বিবরণী।

স্বাক্ষর:

এ. কে. এম. খায়রুল বাসার
সহকারী কমিশনার

ও

সদস্য-সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ পত্র

তারিখঃ ২৬/০৯/২০২১

নথি নং-৫কাস (১১১) লাইসেন্স/বিবিধ/আইসিডি/২০১৬/ ২০২৩(২০)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা [তাকে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে -এ বারন করার জন্য অনুরোধ করা হলো]।
- ২। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, আইসিডি কমলাপুর, ঢাকা।
- ৩। সভাপতি/স্বাক্ষর সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা [সংশ্লিষ্ট সকল লাইসেন্সিংকে যথাসময়ে লাইসেন্স নবায়ন করার বিষয়টি অবহিত করতে অনুরোধ জানানো হলো]।
- ৪। পিএ টি কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা [কর্মশরনার মহোদয়ের সনদ অবগতির জন্য]।
- ৫। নোটিশ বোর্ড, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

স্বাক্ষর